## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৶০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ⁄০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।



**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)



৪২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৪ঠা মাঘ বুধবার ১৩৬২ ইংরাজী 18th Jan. 1956 | ৩৪শ সংখ্যা






ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

— C. P. SERVICE



## নূতন বীমার কাজে

বিপুল সাফল্য

১৯৫৪ সালে

৩০ কোটি টাকার উপর

জাতীয় প্রতিষ্ঠানরূপেই হিন্দুস্থানের প্রতিষ্ঠা এবং গত ৪৮ বৎসর ধরিয়া জাতীয় প্রতিষ্ঠানরূপেই ইহা গড়িয়া উঠিয়াছে। আজ উচ্চ হইতে উচ্চতর স্থানে অধিষ্ঠিত হইয়া ইহা নূতন গৌরব অর্জন করিয়াছে এবং দেশ ও দশের সেবায় কর্মীদের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় এক মহৎ দৃষ্টান্ত স্থাপন করিয়াছে। এই সাফল্যের মূলে রহিয়াছে ত্রিবিধ নিরাপত্তার ভিত্তি :

★ সুষ্ঠু ও সুচিন্তিত পরিচালনা ;
★ জনসাধারণের অবিচলিত আস্থা ;
★ লগ্নী ব্যাপারের নিরাপত্তা

বোনাস { আজীবন বীমায় ১৭৷৷০
মেয়াদী বীমায় ১৫৲

প্রতি বৎসর প্রতি হাজার টাকার বীমায়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হিন্দুস্থান বিল্ডিংস্

৪, চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৪ঠা মাঘ বুধবার সন ১৩৬২ সাল।

# দিল্লীর সিংহাসন ও কাজির বিচার

—•—

মুসলমান বাদশাহদের আমলে যাঁহারা বিচার করিতেন তাঁহাদের নাম ছিল কাজি। এখনও কোন অবিচার হইলেই লোকে বলে এ যেন কাজির বিচার।

বাদশাহগণ অবিচারের কাজও এই সব কাজির হাত দিয়া করাইতেন। নামে বিচার হইলেও বাদশাহের খেয়াল খুশীমত কাজিরা বিচার করিতে অভ্যস্ত ছিলেন।

কাজি সাহেবের একটি বিচারের কথা শ্রবণ করুন।

বাদশাহের গোশালার একটি বলদ এক তেলীর বলদের সঙ্গে লড়াই করে। তেলীর বলদ তেলীর নিজের ঘানির খৈল ও তেলীর নিজ হাতে সযত্নে প্রদত্ত চারা ও ভুসি খাইয়া অত্যন্ত বলিষ্ঠ হইয়াছিল, বাদশাহের বলদ হইলে কি হইবে, চাকর বাকরের অযত্নের জন্য তেলীর বলদ অপেক্ষা অনেক দুর্ব্বল। তেলীর বলদ শিঙের গুঁতো মেরে বাদশার বলদকে উঁচু স্থান হইতে নীচুতে সজোরে ফেলিয়া দেওয়ায় বাদশাহের বলদ মরিয়া গেল। তেলী তখন অত্যন্ত বিপন্ন হইয়া পড়িল। তার বলদে বাদশার বলদকে মারিয়া ফেলিয়াছে, তার ফাঁসি হউক আর শূলী হউক প্রাণদণ্ড হইবেই। এক বুদ্ধিমান মুন্সী লোক তেলীর এই বিপদে তাহাকে বুদ্ধি দিল—তদনুসারে তেলী কাজি সাহেবের কাছে গিয়া শেলাম করিয়া বলিল—"জনাব, কানুন তো দেখিয়ে। এক জানো-ওর [illegible]ক জানোয়ারকা জান মার দিয়া। ইস্‌মে [illegible]লখতা হ্যায়? কাজি সাহেব জবাব দিলেন—কানুন ক্যা দেখেগা? এতো সিধা বাত্‌ হ্যায়—কানুন আদমীকা ওয়াস্তে, জানোয়ার কা লিয়ে নাহি। উস্‌মে কুছ্‌ নাহি হো শাকৃতা। তখন তেলী কাজিকে আবার বলিল—হোজুর! "হামারা বয়েল বাদশা কা বয়েল কো মার দিয়া।" তখন কাজি সাহেবের চিন্তা হইল—বাদশার মামলা, শুধু ছাড়া যায় কি! কাজি সাহেব তাঁর ছেলেকে ডেকে বল্‌লেন—বেটা, লাল কেতাবঠো লে আ তো। ছেলে লাল কেতাব এনে দিল। কাজি সাহেব দু চার পাতা উল্‌টাইয়া পড়িয়া তেলীকে শুনাইলেন—

লাল কেতাবমে লিখতা এঁও,
তেলী বয়েল লড়ায়া কেঁও।
খড়ি চারসে কিয়া মুষ্টণ্ড,
বয়েল কে বয়েল ঔর
পচাশ রুপেয়া ডণ্ড্‌।

অর্থ—লাল কেতাবে লিখ্‌ছে—তেলী বলদকে লড়াই করতে দিল কেন? এ তো অপরাধ, তার উপরে খৈল চারা খাইয়ে বলদকে বলিষ্ঠ করা অন্য অপরাধ। কাজেই বলদের বদলে বলদ দিতে হবে আর পঞ্চাশ টাকা জরিমানা দিতে হবে। তেলী বেচারা প্রাণদণ্ডের বদলে এই দণ্ড দিয়া বাড়ী গিয়া হাঁপ ছাড়িয়া বাঁচিল।

# বাঙ্গলা দেশের অপরাধ তেলীর মত

বঙ্গের অঙ্গচ্ছেদ করিতে গিয়া যখন বিলাতী দ্রব্য বয়কটের ঠেলায় ইংলণ্ডের ভাতের হাঁড়িতে হাওয়া ঢুকতে লাগলো, সেই সময়ে গোপালকৃষ্ণ গোখলে নামক এক মারাঠি ব্রাহ্মণ কি কুক্ষণেই বলেছিলেন—"বাংলা আজ যা ভাবে ভারতের অন্য প্রদেশ তা ভাবে কাল।" বলিলেন গোখলে—কয়েকটি লোকের আক্রোশ পড়িল বাঙলার উপর।

মহাত্মা গান্ধী কংগ্রেসের চার আনা চাঁদা দেওয়া সভ্যও ছিলেন না। অথচ কংগ্রেসের সভাপতি নির্ব্বাচনে ভোটের লড়াইএর সময় বাঙলার ছেলে সুভাষচন্দ্রের সঙ্গে গান্ধীজী সীতারামিয়াকে লড়িয়ে দিলেন। সীতারামিয়া বাঙালী ছোঁড়ার কাছে চীৎপাত হইল, মহাত্মাজী নি[illegible] [illegible]লিয়া [illegible]ব্বা-করেন এবং [illegible] ছিলেন—"এ সীতারামিয়ার পরাজয় নয় পরাজয় আমার!" কর্ত্তাভজা ভক্তের দল চটে গেল বাঙলার উপর। ফের আর একবার যখন ভোটের লড়াই হলো, সুভাষ আবার ভক্তের দলের এক বীরকে পটকান দিলে, তখন কুরুক্ষেত্রের সপ্তরথী যেন এক যোগে বালক অভিমন্যু বধের মত নানা ফন্দী নানা চক্র করিয়া সুভাষকে তক্ত ছাড়িতে বাধ্য করিলেন। সুভাষের পরিত্যক্ত কংগ্রেস সভাপতির আসনে অধিষ্ঠিত হইলেন বর্ত্তমান স্বাধীন ভারতের দিল্লীর সিংহাসনে অধিষ্ঠিত রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্র প্রসাদ।

ইংরেজ সশস্ত্র বিদ্রোহী বাঙলার অধিবাসীদের জব্দ করিবার জন্য বাঙলায় যাহাতে মুসলমান সংখ্যাধিক্য হয় তজ্জন্য মানভূম, ধলভূম, দুমকা প্রভৃতি স্থানকে বিহারের অন্তর্গত করিয়া যায়। কংগ্রেস ইতিপূর্ব্বে বাঙলা ভাষাভাষী অংশকে বাঙলায় ফিরিয়া যাইবার সুবিধা দিতে স্বীকার করে। এখন ইংরাজের তৎকালের অবিচারকে বিহার সুবিচার বলিয়া যে কথার খেলাপ করিতে শুরু করিয়াছিল তাহা কাহারও অবিদিত নাই। সীমানা কমিশন বাঙলাকে বিহারের যে অংশ দিবার সুপারিশ করিয়াছিলেন, কংগ্রেসের চারি বিচারক তাহা আমাদের কথিত তেলীর বলদ মারার মত "বয়েলকে বয়েল আর পচাশ রুপেয়া ডণ্ড্‌" এর ব্যবস্থা করিয়াছেন।

ডাঃ রাজেন্দ্র প্রসাদ রাষ্ট্রপতি হইবার পূর্ব্বে ১৯৪৭।২০শে ডিসেম্বর পাটনায় বক্তৃতা করিয়া যাহাতে মানভূম, ধলভূম ইত্যাদি বাঙলার সামীল না হয় সে অভিলাষ প্রকাশ করিয়াছিলেন (১৯৪৭। ২২শে ডিসেম্বরের হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড)।

শুধু গোখেল নয় রুশিয়ার অতিথি ক্রুশ্চেভ জোর গলায় স্বাধীনতা লাভে বাঙ্গালীর সর্ব্বাপেক্ষা গুরুতম ত্যাগের কথা বলিয়া গিয়াছেন। ইহাও অহিংস প্রভুরা স্বকর্ণে শুনিয়া গিয়াছেন। বাঙ্গলার ত্যাগের শেষ আজও হয় নাই। কংগ্রেসীর শরীয়তী সরিকদের সদাচারে আজও বাঙালী হিন্দু দলে দলে ভিটে মাটি ত্যাগ করিয়া খণ্ডিত পশ্চিম বঙ্গেই স্থান লইতেছে।

(অবশিষ্টাংশ ৪র্থ কলমের নীচে)

# ঘোড়দৌড়



ইংরাজের দেওয়া খেলা
উঠায় নি স্বদেশী সরকার।
দেশের উন্নতি তরে,
কত মত প্ল্যান করে,
এ খেলাটি রাখাই দরকার!

( ৩য় কলমের জের )

মহাত্মা গান্ধীর তিরোভাব দিনে যে সব ভণ্ড ভক্ত কাঁদুনে অভিনয় করিবেন তাঁহাদের বাপুজীর "৫০০৲ টাকার অধিক মাসিক বেতন না লওয়ার নির্দ্দেশ" মনে পড়ে কি? পশ্চিম বাঙলার রাজ্যপাল ডাঃ হরেন্দ্র মুখার্জি ৫০০৲ টাকার এক কপর্দ্দকও বেশী না লইয়া মহাত্মার নির্দ্দেশ পালন করিতেছেন। "সত্যমেব জয়তে" আর "দিল্লীর সিংহাসন" কোন্‌টা বেশী লোভনীয়।

## তাঁত শিল্পের উন্নয়নের জন্য পুরস্কার

পশ্চিম বঙ্গের শিল্প অধিকার রাজ্যের হাতে চালানো তাঁতশিল্পের বিভিন্ন বিভাগের উন্নতির জন্য ১৯৫৫-৫৬ সালে নগদ ৫,০০০ টাকা পুরস্কার ঘোষণা করেছেন। এই প্রতিযোগিতায় নাম পাঠাবার তারিখ ১৯৫৬ সালের ৩১শে জানুয়ারী পর্য্যন্ত পিছিয়ে দেওয়া হয়েছে।

এ বিষয়ে বিস্তৃত খবর শিল্প-অধিকর্তার অফিস ১নং হেষ্টিংস ষ্ট্রীট কলিকাতা ও মফঃস্বলে সহ-সমবায় নিয়ামকের অফিসে পাওয়া যাবে।

পশ্চিম বঙ্গ স...

## ব্যাঘ্র শিকার

গত ২রা মাঘ সোমবার বেলা ১ ঘটিকার সময় ছাবঘাটীর ডাক্তার শ্রীশচীন্দ্রকুমার চৌধুরী মহাশয় বন্দুকের গুলিতে একটী বড় চিতা বাঘ মারিয়াছেন বলিয়া প্রকাশ। পরদিন মৃত বাঘটিকে জঙ্গিপুরের মহকুমা শাসক মহাশয়কে দেখাইবার জন্য রঘুনাথগঞ্জ লইয়া আসে।

## রাস্তার ধুলা

জঙ্গিপুর মিউনিসিপালিটীর রঘুনাথগঞ্জ সদর রাস্তা দিয়া সর্ব্বদা মোটর-গাড়ী ও মোটর-ট্রাক চলাচল করার জন্য রাস্তার ধুলা উড়িয়া পার্শ্ববর্ত্তী গৃহগুলি ধূলিময় হইতেছে। দিন কয়েক হইতে বাতাস বহার জন্য ধূলার উৎপাত বাড়িয়াছে।

## জঙ্গিপুর মহকুমায় কেন্দ্রীয় উপমন্ত্রী শ্রীঅনিলকুমার চন্দ

গত ১৩ই জানুয়ারী শুক্রবার বেলা ২ ঘটিকার সময় কেন্দ্রীয় পররাষ্ট্র বিভাগের উপমন্ত্রী শ্রীঅনিলকুমার চন্দ মহাশয় মালদহ হইতে ধুলিয়ানে উপস্থিত হন। লঞ্চ হইতে নামিবার পর বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক সম্বর্দ্ধিত হন। তিনি ফতুল্লাপুর শশীমণি উচ্চ [illegible] ...ষিক বিতরণ করেন এবং ... পরিদর্শন ক...

## বিজ্ঞপ্তি

রাধারঘাট—সাঁইথিয়া পথে (স্থায়ী), এবং অস্থায়ী ধুলিয়ান—নিমতিতা ও রেজিনগর হইয়া বহরমপুর—সর্বাঙ্গপুর পথে বাস চালাইবার স্থায়ী ও অস্থায়ী পারমিটপ্রার্থিগণের নামের তালিকা যত দূর সম্ভব বিবরণাদিসহ মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষের এবং এই জেলার প্রান্তীয় মহকুমা অফিসগুলির নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। ঐ সম্পর্কে কিছু জানাইবার থাকিলে তাহা এই নোটিশ প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট জানাইতে হইবে। ষ্টেজ কারেজ, পাবলিক কেরিয়ার, প্রাইভেট কেরিয়ার ও কন্‌ট্রাক্ট ক্যারেজের পারমিটের মেয়াদ বাড়াইবার জন্য দরখাস্তকারিগণের এবং পাবলিক কেরিয়ার ও কন্‌ট্রাক্ট ক্যারেজের পারমিট প্রার্থিগণের এক তালিকা মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষের এবং এই জেলার প্রান্তীয় মহকুমা অফিসগুলির নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। ঐ সম্পর্কে কিছু জানাইবার থাকিলে তাহা এই নোটিশ প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকা[illegible] নিকট জানাইতে হইবে। স্বাঃ আর, এন, [illegible]

[illegible], আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ

সি. কে. সেনের আর একটি

**অনবদ্য সৃষ্টি**

পুষ্পগন্ধে সুরভিত

**ক্যাস্টর অয়েল**

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

**সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ**

জবাকুসুম হাউস, কলিকাতা ১২

**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১।৹ টাকা ও মাশুলাদি ১/৹ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট ঃ—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ,
টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে
মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## জঙ্গিপুর সংবাদের ক্রোড়পত্র

৪ঠা মাঘ বুধবার, ১৩৬২—১৮ই জানুয়ারী, ১৯৫৬

১৯৪৬ খৃষ্টাব্দে ইংরাজ রাজত্বকালে নেতাজীর জন্মদিনে আনন্দবাজার পত্রিকার ম্যানেজিং ডিরেক্টর স্বর্গত ৺সুরেশচন্দ্র মজুমদার জঙ্গিপুর সংবাদের প্রতিষ্ঠাতা শ্রীশরৎচন্দ্র পণ্ডিতকে একটি নূতন ধরণের কবিতা লিখিতে অনুরোধ করায় তিনি অতি প্রাচীন সংস্কৃত কবিতার অনুকরণে পদ্মবন্ধে শ্রদ্ধা নিবেদন করেন। তাহা পর-পৃষ্ঠায় দ্রষ্টব্য।

আজ ভারতের রাষ্ট্রভাষা হিন্দী। সম্প্রতি কংগ্রেসের ৪ প্রধান (১) শ্রীজহরলাল নেহেরু, (২) শ্রীইউ, এন, ডেবর, (৩) মৌলানা আবুল কালাম আজাদ ও (৪) শ্রীগোবিন্দবল্লভ পন্থ বাংলা ভাষায় অনভিজ্ঞ হইয়াও সীমানা কমিশনের সুপারিশ অগ্রাহ্য করিয়া বহু বাংলা ভাষা-ভাষীকে হিন্দীভাষী বিহারের কবলীকৃত করিতে একটুও ইতস্ততঃ করেন নাই।

শরৎ পণ্ডিত যেমন নেতাজীর জন্মদিনে সংস্কৃতের অনুকরণে চিত্রকাব্যে শ্রদ্ধা নিবেদন করিয়াছিলেন, মহাত্মা গান্ধীর তিরোভাব দিবস আগামী ৩০শে জানুয়ারী। এখনও ১০।১২ দিন সময় আছে। ভারত গৌরব রাষ্ট্রভাষাবিৎ কোন পণ্ডিতকে দিয়া ভারত সরকার এমনি একটি শ্রদ্ধা নিবেদন রাষ্ট্রভাষায় রচনা করাইয়া প্রচার করিবার ব্যবস্থা করিয়া হিন্দী এলাকায় নিক্ষিপ্ত জনগণের মধ্যে রস পরিবেষণ করিয়া সকলের ধন্যবাদভাজন হউন।

ভারত সরকারের উচ্চপদস্থ ইংলণ্ডীয় ভাষাভিজ্ঞ সকলেই জানেন যে ইংরাজীতে এমন বাক্য রচিত হইয়াছে যে বাক্য প্রথম হইতে শেষ পর্য্যন্ত পঠিত হইলে যা হয়, শেষ দিক হইতে সুরু করিয়া প্রথম দিকে পড়িয়া আসিলেও তাই হয়। ইংরাজীতে এই প্রকার শব্দ বা বাক্যকে প্যালিনড্রোম (Palindrome) বলে। আমরা ইংরাজী, সংস্কৃত ও বাঙ্গলায় প্যালিনড্রোম এর কয়েকটি নিদর্শন পাঠকগণকে উপহার দিয়া সরকারকে হিন্দীতে সেই রকম রস পরিবেষণ করিয়া অসন্তুষ্ট বিহার কবলিত বাঙ্গালীদের কথঞ্চিৎ তৃপ্তি দান করিতে অনুরোধ করি।

### প্যালিন্‌ড্রোম (Palindrome)

( অনুলোম—প্রতিলোম সমতাযুক্ত )

**'RISE TO VOTE SIR'**

**ABLE WAS I ERE I SAW ELBA**

*সারমান বরারোহা নগেভাগমনা হি যা।*
*যাহি নামগ ভাগেন হারোরা বনমার সা॥*

सारमान बरारोहा नगीभागमना हि या।
याहि नामग भागीन हारोरा वनमार सा॥

( বাংলা অনুলোম—প্রতিলোম সমতাযুক্ত বাক্য )

(১) *থাক রবি কবির কথা*
(২) *কীর্ত্তন মঞ্চপরে পঞ্চম নর্ত্তকী*
(৩) *বিরহে রাধা নয়ন ধারা হেরবি।*

আমরা একটা হিন্দীরও নমুনা দিলাম।

रामा हामारा

**Question itself is the answer to the question.**

প্রশ্ন— *কা শীতলবাহিনী গঙ্গা*
উত্তর— *কাশী-তল-বাহিনী গঙ্গা*

का शीतलवाहिनी गङ्गा
काशी-तल-वाहिनी गङ्गा

প্রশ্ন— *কং সংজঘান মাধবঃ*
উত্তর— *কংসং জঘান মাধবঃ।*

कं संजघान माधवः
कंसं जघान माधवः।

(বাংলা)—

*মহেন্দ্র পাল কি চড়ে বিয়ে করতে গেল?*
*মহেন্দ্র পালকি চড়ে বিয়ে করতে গেল।*

*বনে কি রাত আসায় বনবাসীরা ভীত হয়েছে?*
*বনে কিরাত আসায় বনবাসীরা ভীত হয়েছে।*

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# তেইশে জানুয়ারী

## নেতাজীর জন্মদিনে পদ্মবন্ধে শ্রদ্ধা নিবেদন

( আনন্দবাজার ২৩শে জানুয়ারী ১৯৪৬ )




পড়িবার নিয়ম— ১নং হইতে ৩২নং পংক্তি।

১ হইতে ৩২ সংখ্যক পংক্তিতে বিশেষ ভাবে চিহ্নিত বৃত্ত তিনটীর অক্ষর পড়িলে ৩টী বৃত্তেই বর্ণসন্নিবেশের গুণে "নেতাজী সুভাষচন্দ্র বসু জনম লভিল ধরায় আজি গঠন করিতে আজাদ হিন্দ" বাক্যটী পাইবেন।

না—শ্রীশরৎচন্দ্র পণ্ডিত
( দা'ঠাকুর )

2 ANNAS INDIA 1945

প্রাপ্তিস্থান
ডি, এম, লাইব্রেরী
৪২, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা
ফোন - বি, বি, ৫০৯৩